রাজশাহী বিশ্ববিদ্যালয়

২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে প্রথমবর্ষ স্নাতক/স্নাতক(সম্মান) শ্রেণিতে
কোটাসমূহে ভর্তির শর্তাবলী নিম্নরূপ

(ক) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীরা ভর্তি পরীক্ষায় ন্যূনতম পাশ নম্বর (৪০) পেলে তাদের জাতিভিত্তিক প্রত্যয়নপত্রের সত্যায়িত ফটোকপি ও অন্যান্য একাডেমিক কাগজপত্রসহ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী নির্বাচন কমিটির সভায় অবশ্যই সাক্ষাৎকারের জন্য (রাবি ওয়েবসাইটে প্রকাশিত) নির্ধারিত সময়সীমার মধ্যে উপস্থিত হতে হবে।

(খ) মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা ভর্তি পরীক্ষায় ন্যূনতম পাশ নম্বর (৪০) পেলে পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত ফটোকপি ও অন্যান্য একাডেমিক কাগজপত্রসহ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা নির্বাচন কমিটির সভায় অবশ্যই সাক্ষাৎকারের জন্য (রাবি ওয়েবসাইটে প্রকাশিত) নির্ধারিত সময়সীমার মধ্যে উপস্থিত হতে হবে।

(গ) শারীরিক প্রতিবন্ধী প্রার্থী ভর্তি পরীক্ষায় ন্যূনতম পাশ নম্বর (৪০) পেলে শারীরিক প্রতিবন্ধী হিসেবে প্রত্যয়নপত্র ও অন্যান্য একাডেমিক কাগজপত্রসহ শারীরিক প্রতিবন্ধী নির্বাচন কমিটির সভায় অবশ্যই সাক্ষাৎকারের জন্য (রাবি ওয়েবসাইটে প্রকাশিত) নির্ধারিত সময়সীমার মধ্যে উপস্থিত হতে হবে ।

(ঘ) খেলোয়াড় কোটায় ভর্তিচ্ছু প্রার্থী ভর্তি পরীক্ষায় ন্যূনতম পাশ নম্বর (৪০) পেলে খেলোয়াড় নির্বাচন কমিটির সভায় (রাবি ওয়েবসাইটে প্রকাশিত) নির্ধারিত সময়সীমার মধ্যে বিগত দুই বছরের মধ্যে জাতীয় পর্যায়ের কোন খেলায় অংশগ্রহণকারী খেলোয়াড় এর সমর্থনে প্রয়োজনীয় কাগজাদি উপস্থাপন করতে হবে এবং ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(ঙ) সকল প্রকার কোটার ক্ষেত্রে ভর্তি পরীক্ষায় ন্যূনতম পাশ নম্বর (৪০) কোনক্রমেই শিথিলযোগ্য হবে না।

বিঃদ্রঃ সকল প্রকার কোটার প্রার্থীকে ভর্তি পরীক্ষার জন্য আবেদনের সময় অবশ্যই অনলাইনে প্রদত্ত নিয়মাবলী ও নির্দেশনা অনুসরণ করে প্রার্থিত কোটায় আবেদন করতে হবে। অন্যথায় পরবর্তীতে তাদের কোটাভুক্তির আবেদন গ্রহণযোগ্য হবে না।

১৩/১১/২০২৫

(এ.এইচ.এম. আসলাম হোসেন)
রেজিস্ট্রার(ভারপ্রাপ্ত)
রাজশাহী বিশ্ববিদ্যালয়